

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৫৯

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হাজীরা যেই জায়গায় দাঁড়িয়ে জামরায় কঙ্কর নিক্ষেপ করবে তার বিবরণ

ذَكَرُ الْمَوْضِعِ الَّذِي يَقِفُ مِنْهُ الْحَاجُّ عِنْدَ رَمِيهِ الْجَمَارِ

আরবী

3859 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدٍ قَالَ: رَمَى عَبْدُ اللَّهِ مِنْ بَطْنِ الْوَادِي فَقُلْتُ: يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ إِنَّ النَّاسَ يَرْمُونَهَا مِنْ فَوْقِهَا فَقَالَ: هَذَا وَالَّذِي لَا إِلَهَ غَيْرُهُ مَقَامُ الَّذِي أَنْزَلَتْ عَلَيْهِ سُورَةُ الْبَقَرَةِ.

الراوي : عَبْدُ الرَّحْمَنِ بْنُ يَزِيدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3859 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1723): ق.

বাংলা

৩৮৫৯. আব্দুর রহমান বিন ইয়াযিদ থেকে বর্ণিত, তিনি বলেন, “আব্দুল্লাহ বিন মাসউদ রাঈয়াল্লাহু আনহু উপত্যকার মাঝখান থেকে কঙ্কর নিক্ষেপ করেছেন। তখন আমি বলি, “হে আবু আব্দুর রহমান, লোকজন তো উপত্যকার উপর থেকে কঙ্কর নিক্ষেপ করে!” তখন তিনি জবাবে বলেন, “ঐ সত্তার কসম, যিনি ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, এটা সেই জায়গা যেখানে সূরা বাকারাহ অবতীর্ণ হয়েছে।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৭৪৭; সহীহ মুসলিম: ১২৯৬; আত তায়ালিসী: ৩১৯; মুসনাদ আহমাদ: ১/৪১৫; আবু দাউদ: ১৯৭৪; নাসাঈ: ৫/২৭৩; সহীহ ইবনু খুযাইমাহ: ২৮৮০; ইবনুল জারুদ: ৪৭৫; তিরমিযী: ৯০১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন।

আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭২৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93198>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন